# 196846 - ওযু করার মধ্যে দরজা খোলার জন্য বরিতি দিলে কি পুনরায় ওযু করতে হবে?

প্রশ্ন

এক ব্যক্তি ওযু শেষ করার আগেই দরজার কলিংবেলে বেজে উঠল। সে ওযু রেখে দরজা খুলতে গেল এবং যে এসেছে তাকে বলল: "অপেক্ষা করুন, আমি ওযুটা শেষ করে আসি।" এখন প্রশ্ন হলো: সে কি ওযুর বাকি অংশ সম্পন্ন করবে; নাকি নতুন করে ওযু শুরু করবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এই মাসআলাটি **'মুওয়ালাত'** (পরম্পরা রক্ষা)-এর সীমানা নির্ধারণ এবং ওযু শুদ্ধ হওয়ার জন্য এটি শর্ত কি না— এর ওপর নির্ভরশীল।

যারা **'মুওয়ালাত'**কে ওযু সহিহ হওয়ার জন্য শর্ত মনে করেন, তারা এর সময়সীমা এবং ওযুর অঙ্গগুলোর মাঝে কতটুকু বিরতি দেওয়া ওযুর শুদ্ধতাকে প্রভাবিত করবে তা নিয়ে মতভেদ করেছেন:

১. হাম্বলী আলেমদের মতে: মুওয়ালাতের মানদণ্ড হলো— স্বাভাবিক আবহাওয়ায় পূর্বের ধৌত করা অঙ্গটি শুকিয়ে যাওয়ার আগেই পরবর্তী অঙ্গটি ধৌত করা।

ইমাম আল-মারদাওয়ি (রহঃ) **'আল-ইনসাফ'** (১/১৪১) গ্রন্থে ওযুতে মুওয়ালাত সম্পর্কে বলেছেন: এর অর্থ হলো একটি অঙ্গ ধৌত করতে এতটুকু দেরি না করা যাতে তার আগের অঙ্গটি শুকিয়ে যায়। এখানে উদ্দেশ্য হলো স্বাভাবিক সময়ে (আবহাওয়ায়)। আর অন্য আবহাওয়ায় এর সমপরিমাণ সময়। এটাই মাযহাবের অভিমত এবং মাযহাবের অধিকাংশ আলেম এর ওপর রয়েছেন।"

২. মুওয়ালাতের মানদণ্ড নির্ভর করবে প্রচলিত প্রথা বা **'উরফ'**-এর ওপর। মানুষ যদি কোনো বিরতিকে দীর্ঘ বিরতি মনে করে, তবেই তা মুওয়ালাত নষ্ট করেছে বলে গণ্য হবে। আর যদি মানুষ এটাকে দীর্ঘ বিরতি মনে না করে, তবে তা মুওয়ালাতকে নষ্টকারী হিসেবে গণ্য হবে না। এটি ইমাম আহমাদ (রহঃ) থেকে বর্ণিত একটি রিওয়ায়েত।

আল-ইনসাফ (১/১৪১) গ্রন্থের লেখক বলেছেন: এবং তাঁর থেকে (ইমাম আহমাদ থেকে) বর্ণিত আছে যে, দীর্ঘ বিরতি প্রচলিত প্রথা অনুযায়ী নির্ধারণ করা হবে।"[সমাপ্ত]

শাইখ ইবনে উসাইমীন (রহঃ) বলছেনে:

"কছিু আলমে বলছেনে (যা ইমাম আহমাদ থকেওে বর্ণতি): বরিতরি দীর্ঘতা প্রথা (উরফ) অনুযায়ী নর্িধারতি হবে; অঙ্গ শুকানোর ওপর নয়। ওযু হতে হবে কাছাকাছি সময়ে। যদি মানুষ বলে যে, এই ব্যক্তি ওযুকে বচ্িছন্িন করনে; বরং তার ওযু অবচ্িছন্িন আছে। তবে সে মুওয়ালাত রক্ষা করছে বলে ধরা হবে। ওলামাগণ অনকে মাসআলায় উরফ বা প্রথাকে ববিচেনা করছেনে।

তবে উরফ সব সময় সুনর্িদষ্িট নাও হতে পারে। তাই অঙ্গ শুকানোর সাথে বধিানটকিে যুক্ত করা অধকিতর সুনর্িদষ্িট ও সঠকি।"[আশ-শারহুল মুমতি: ১/১৯৩]

প্রশ্নে যা উল্লখে করা হয়ছে, অর্থাৎ কবেল দরজা খোলা বা এই জাতীয় কাজ, এটি **'মুওয়ালাত'** নষ্ট করার মতো দীর্ঘ বরিতি হিসিবে গণ্য হবে না; এক্ষত্রে আমরা মুওয়ালাতরে যে মানদণ্ডই ব্যবহার করি না কনে। কারণ দরজা খুলতে সাধারণত সামান্য সময়রে প্রয়োজন হয়। এক্ষত্রে ধৌত করা অঙ্গ শুকানোর আগইে ওযু সম্পন্ন করতে ফরিে আসা সম্ভব।

তবে যদি ব্যক্তি অন্য কোনো কাজে ব্যস্ত হয়ে পড়ে এবং দীর্ঘ সময় অতবিাহতি হয়ে যায়, সে ক্ষত্রে তাকে নতুন করে ওযু শুরু করতে হবে।

আল্লাহই সর্বজ্ঞ।